JAN. 2? 2000

দৈনিক সংবাদ

তারিখ ……
পৃষ্ঠা …… কলাম ……

## ক্যাম্পাসে ছাত্রলীগ ও-ছাত্রদলে কোন্দল

# গুলি, ধাওয়া-পালটা ধাওয়া ও চাপাতির কোপে আহত হওয়ার ঘটনা

**বিশ্ববিদ্যালয় সংবাদদাতা ঃ** ছাত্রলীগ ও ছাত্রদলের অভ্যন্তরীণ কোন্দলে গত দু দিনে ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে ধাওয়া-পালটা ধাওয়া, গোলাগুলি, প্রতিপক্ষকে চাপাতি দিয়ে কোপানো ও হল থেকে ছাত্রকে বের করে দেয়ার ঘটনাও ঘটে।

জানা গেছে, পূর্ব ঘটনার জের ধরে গত বুধবার রাত ১০টার দিকে জিয়া হলের ছাত্রদল নেতা মোস্তাফিজুর রহমান সোহেলকে একই দলের সায়েম দু বহিরাগতকে দিয়ে হল থেকে ডেকে নিয়ে দোয়েল চত্বরে চাপাতি দিয়ে কুপিয়ে চলে যায়। পরে তাকে আশংকাজনক অবস্থায় ঢাকা বক্ষব্যাধি হাসপাতালে ভর্তি করা হয়। জানা গেছে, এরা দুজনই ছাত্রদলের লাল্টু গ্রুপের সদস্য।

এদিকে, হলের সিটে ওঠাকে কেন্দ্র করে গত বুধবার গভীর রাতে ফজলুল হক হলে দু রাউন্ড গুলি ফোটানো হয়। জানা গেছে, ঘটনার সময় ফজলুল হক হল শাখার ছাত্রলীগ প্রচার সম্পাদক জুয়েলের সাথে একই দলের বরিশাল গ্রুপের বাদশার সিট নিয়ে কথা কাটাকাটি হয়। এর কিছুক্ষণ পর দু রাউন্ড গুলির শব্দ শোনা যায়। গুলির জন্য এক গ্রুপ আরেক গ্রুপকে দায়ী করেছে। বুধবার সকালে ছিনতাইকারী সন্দেহে সলিমুল্লাহ হলের ওবায়দুর রহমান সৈকতকে ছাত্রলীগ নেতা-কর্মীরা মারধর করে হল থেকে বের করে দিয়েছে। এ সময় সৈকতের বন্ধু বহিরাগত মামুনকে মারধর করে পুলিশের হাতে তুলে দেয়া হয়। সৈকত অর্থনীতি বিভাগের ছাত্র।

এদিকে, কথা কাটাকাটির জের ধরে গত

ক্যাম্পাস ঃ পৃঃ ১ কঃ ৪

## ক্যাম্পাস ঃ কোন্দল

(১২-এর পৃষ্ঠার পর)

বুধবার রাত পৌনে দশটার দিকে জিয়া হল ও জসীম উদ্‌দীন হলের ছাত্রলীগ কর্মীদের মধ্যে ধাওয়া ও পালটা ধাওয়া হয়েছে। জানা গেছে, জসীম উদ্‌দীন হলের ছাত্রলীগ কর্মী দোলনের সাথে জিয়া হলের ইকবালের কথা কাটাকাটি হওয়ার সময় জসীম উদ্‌দীন হলের ছাত্রলীগ প্রচার সম্পাদক ফারুক শিকদার মিটমাটের জন্য ঘটনাস্থলে গেলে ইকবাল তার সাথে বেয়াদবি করে। এ সময় ক্ষিপ্ত হয়ে সে ইকবালকে চড় মারে। এ খবর জিয়া হলে পৌছলে তারা ধর ধর করে জসীম উদ্‌দীন হলের দিকে ছুটে আসে এবং জসীম উদ্‌দীন হলের ছাত্ররাও তাদেরকে ধাওয়া করে। পরে জসীম উদ্‌দীন হলের ছাত্রলীগ সভাপতি জয়নুল আবেদীন জয়, সাধারণ সম্পাদক আহসান কবির টুটুল ও জিয়া হলের ছাত্রলীগ সভাপতি শেখ মনিরুজ্জামান মনির আলোচনা করে ঘটনা মিটমাট করে দেয়।

এ ব্যাপারে ঢাকা বিশ্ববিদ্যালয় শাখার ছাত্রলীগ সাধারণ সম্পাদক একেএম আজিম বলেন, ব্যক্তিগত ঝগড়াঝাঁটি করে কিছু কিছু দুষ্কৃতকারী সংগঠনকে কলংকিত করছে। এসব বিচ্ছিন্ন ঘটনার জন্য ছাত্রলীগ দায়ী নয়।